

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।
(www.kapasias.gazipur.gov.bd)

স্মারক নং: ০৫.০১.৩৩৩৬.০০০.৯৯.০৩৭.২১.


তারিখ: ২৯/১২/২০২১খ্রিঃ।

বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- মুবিম/পিভি/অ:বী:মু:আ:নি:প্র:ম-০১/২য় তালিকা/১১২/৩২৫, তারিখ: ৩০/১১/২০২১ খ্রি: পত্রের সাথে সংযুক্ত নির্দেশনা মোতাবেক “ অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য ২য় পর্যায়ে বীর নিবাস নির্মাণ ” শীর্ষক প্রকল্পের আওতায় আবাসন নির্মাণের লক্ষ্যে আবেদন আহবান করা হচ্ছে। উক্ত আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ২০ জানুয়ারী, ২০২২ খ্রি: বিকাল ০৫ ঘটিকা। উক্ত তারিখ ও সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

২. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবাসনের আবেদন পত্র স্বাক্ষরসহ দাখিল করতে হবে।
৩. আবেদনকারীকে আবেদন পত্রের সাথে (বীর মুক্তিযোদ্ধা/স্ত্রী/ সন্তান) ছবি, সমন্বিত তালিকাসহ সকল প্রমাণকসমূহ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, বীর মুক্তিযোদ্ধা মৃত হলে মৃত্যুর সনদ ও ওয়ারিশ সনদপত্র দাখিল করতে হবে।
৪. একাধিক স্ত্রী/সন্তানগণের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ক্ষমতা অর্পনপত্র, উপযুক্ত ও নিষ্কন্টক জমি সংক্রান্ত পর্চা, দলিল ও আনুষাংগিক কাগজপত্র দাখিল করতে হবে। জমির পরিমাণ কমপক্ষে ১১৩১ বর্গফুট (দৈর্ঘ্য ৩৯ ফুট, প্রস্থ ২৯ ফুট) হতে হবে।
৫. অসম্পূর্ণ, স্বাক্ষর বিহীন ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৬. ইতোপূর্বে ১ম পর্যায়ে বাছাইপূর্বক প্রেরিত তালিকায় যাদের নাম আছে তাদের পুন:রায় আবেদন দাখিল করার প্রয়োজন নেই।

এ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জারী করা হলো।


২৯/১২/২০২১

এ.কে.এম গোলাম মোর্শেদ খান
উপজেলা নির্বাহী অফিসার
ও

সভাপতি

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন বরাদ্দের জন্য
সুবিধাভোগী নির্বাচন বিষয়ক কমিটি
কাপাসিয়া, গাজীপুর।
ফোনঃ+৮৮০২৯২০৮৩৬৯
Email:unokapasias@mopa.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। জনাব সিমিন হোসেন রিমি, মাননীয় সংসদ সদস্য গাজীপুর-৪, কাপাসিয়া, গাজীপুর।
- ২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

কার্যার্থে অনুলিপি:

- ১। উপজেলা সমাজসেবা অফিসার, কাপাসিয়া, গাজীপুর।
- ২। প্রোগ্রাম অফিসার, কাপাসিয়া, গাজীপুর। (উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর এর ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। কমান্ডার,----- ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ড, কাপাসিয়া, গাজীপুর।
- ৪। চেয়ারম্যান,----- ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।
- ৫। অফিস কপি।